

# যুগান্তর

## কওমি শিক্ষার্থীরা অন্যদের চেয়ে বেশি মেধাবী: ধর্ম প্রতিমন্ত্রী

প্রকাশ : ২৯ মার্চ ২০১৯, ২১:২৫ | অনলাইন সংস্করণ

 যুগান্তর ডেক্স



জিরি মাদরাসার ৯৮তম খ্তমে বোখারিতে ধর্ম প্রতিমন্ত্রী আলহাজ শেখ মো.  
আবদুল্লাহ ছবি: সংগৃহীত

ধর্ম প্রতিমন্ত্রী আলহাজ  
শেখ মো. আবদুল্লাহ  
বলেছেন, কওমি  
মাদরাসার ছাত্রদের  
যোগ্যতা অন্য ধারার  
শিক্ষার্থীদের চেয়ে কোন  
অংশে কম নয়, বরং  
ক্ষেত্র বিশেষ তা বেশি।  
  
কওমি মাদরাসায় যারা  
পড়াশোনা করে তারা  
প্রচুর জ্ঞান অর্জন করে।  
যা অন্য কোন সাধারণ  
শিক্ষা প্রতিষ্ঠানে সন্তোষ  
হয় না। বিএনপি-  
জামায়াত-শিবির চক্র  
কওমি সনদ দেওয়ার  
কথা বলে কওমিদের  
সবসময় ব্যবহার  
করেছে। তারা কওমি  
সনদের নামে মূল  
বুলিয়ে রেখেছিল।

শুক্রবার চট্টগ্রামের জামেয়া আরাবিয়া জিরি মাদ্রাসার ৯৮তম খতমে বোখারি ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

কওমি মাদ্রাসার সঙ্গে আত্মার সম্পর্ক রয়েছে জানিয়ে ধর্মপ্রতিমন্ত্রী বলেন, কওমি মাদ্রাসার সঙ্গে আমার সম্পর্ক দীর্ঘ দিনের। কওমি মাদ্রাসায় পড়াশুনার মধ্য দিয়ে আমার শিক্ষা জীবন শুরু হয়েছিল। সে শিক্ষার চেতনা আমি সব সময় ধারণ করেছি এবং ভবিষ্যতে ও করব।

মাননীয় প্রধানমন্ত্রী কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের সনদের স্বীকৃতি প্রদানের মাধ্যমে যে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন তার জন্য ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবেন বলেও জানান আলহাজ শেখ আবদুল্লাহ।

প্রতিমন্ত্রী আরও বলেন, স্বাধীনতাত্ত্বের কোন সরকার কওমি সনদের স্বীকৃতি দেয়নি। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর কওমি সনদের স্বীকৃতি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী একজন দ্বীন্দার পরাহেজগার নারী। তিনি কওমি আকীদাভূক্ত, তাই কওমি আকীদার আলেমদের তিনি ভালোবাসেন।

মাদ্রাসার মহাপরিচালক পীরে কামেল আল্লামা শাহ মুহাম্মদ তৈয়বের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন জাতীয় সংসদের হইপ ও পটিয়ার সংসদ সদস্য সামগ্রু হক চৌধুরী, কেডিএস গ্রুপের চেয়ারম্যান খলিলুর রহমান, চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান আবদুস সালাম।

মাদ্রাসা পরিচালক মাওলানা খোবাইবের পরিচালনায় আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন পটিয়া উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মোতাহেরুল ইসলাম চৌধুরী, মীর গ্রুপের চেয়ারম্যান আবদুস ছালাম, পটিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা হাবিবুল হাসান, পটিয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার জসিম উদ্দিন খাঁ, রাজশাহী দারুল উলুম হোদায়া মাদ্রাসার পরিচালক আল্লামা শরিফ উদ্দিন, ফুলকলির পরিচালক জহির উদ্দিন, আল বারাকা গ্রুপের চেয়ারম্যান এনামুল হক, আজিমুল হক প্রমুখ।

খতমে বোখারী অনুষ্ঠানে জিরি মাদ্রাসার মুহতামিম মাওলানা শাহ মুহাম্মাদ তৈয়বের বোখারী শরীফের সমাপনী দরস ও দাওরায়ে হাদিস সমাপণী ছাত্রদের পাগড়ি প্রদান করেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।